



সংখ্যা: ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২৪৯.২৪. ৫৫৬

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস রিলিজ

ঢাকা, ০৩.০৮.২০২৫:


জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষ্যে তথ্যচিত্র প্রদর্শন, আলোচনা সভা ও দোয়া মাহফিল আজ ইনস্টিটিউটের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মাহবুবা ফারজানা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তথ্য ও সম্প্রচার সচিব গণ-অভ্যুত্থানে জীবন উৎসর্গকারী জুলাইযোদ্ধাদের আত্মত্যাগের মহিমা তুলে ধরেন। তিনি তারুণ্যের নেতৃত্বকে অগ্রাধিকার দিয়ে নতুন বাংলাদেশ বিনির্মাণে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মুহম্মদ হিরুজ্জামান, এনডিসি আলোচনাসভায় সভাপতিত্ব করেন।

ইনস্টিটিউটের মহাপরিচালক জুলাই চেতনার শিক্ষা নিয়ে নতুন বাংলাদেশ বিনির্মাণের গুরুত্বারোপ করেন। অন্যান্যের মধ্যে বাংলাদেশ বেতারের মহাপরিচালক এ এস এম জাহীদ, গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক ফায়জুল হক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক খালেদা বেগম এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো: মারফ নাওয়াজ সভায় বক্তৃতা করেন।

এর আগে, গণ-অভ্যুত্থানের ঐতিহাসিক তাৎপর্যভিত্তিক জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থী নির্মিত তথ্যচিত্র প্রদর্শন করা হয়। পরে, জুলাই গণ-অভ্যুত্থানে শহীদ ও আহতদের স্মরণে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।


আবদুল হান্নান
গণসংযোগ কর্মকর্তা
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ০২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/এনটিভি/সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/ কমিউনিটি বেতারসমূহ।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। কার্যালয় নথি।